

# সংবাদ সম্মেলন ডেকেছে সাত কলেজ, আসতে পারে কর্মসূচি

অনলাইন ডেস্ক

১৬ মে, ২০২৫ ১৫:৫৮

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

জরুরি সংসাবদ সম্মেলন ডেকেছে রাজধানীর সরকারি সাত কলেজের শিক্ষার্থীরা। সাত কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের প্রক্রিয়ায় কর্তৃপক্ষের 'কালক্ষেপণ'-এর বিরুদ্ধে প্রতিক্রিয়া জানাতে এই সংবাদ সম্মেলনের ডাক দিয়েছে তারা।

আগামীকাল শনিবার বিকেল ৪টায় রাজধানীর ইডেন মহিলা কলেজের ১ নম্বর গেটে সংবাদ সম্মেলন করবে তারা।

সংবাদ সম্মেলন থেকে পরবর্তী কর্মসূচি ঘোষণা হতে পারে বলে জানা গেছে।

আজ শুক্রবার সাত কলেজ বিশ্ববিদ্যালয় রূপান্তর টিমের অর্গানাইজিং উইং থেকে গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সাত কলেজকে কেন্দ্র করে প্রস্তাবিত ‘ঢাকা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়’ গঠনের উদ্দেশ্যে রাষ্ট্রপতির অধ্যাদেশ জারির পর এবং পূর্বের অধিভুক্তি বাতিলের প্রেক্ষাপটে অন্তর্বর্তীকালীন প্রশাসনের চূড়ান্ত অনুমোদন নিয়ে কর্তৃপক্ষ সময়ক্ষেপণ করছে। এ পরিস্থিতি নিয়ে শিক্ষার্থীদের প্রতিক্রিয়া এবং ভবিষ্যৎ কর্মসূচি জানাতে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে।